## ইয়াহামা ক্রে সুপার কমপিউটার কিনছে

আমেরিকার প্রধান সুপার কমপিউটার প্রস্তুতকারক ক্রে রিসার্চ জাপানের ইয়ামাহা .মটর কোম্পানীর কাছে একটি CRAY Y-MP-2E সুপার কমপিউটার বিক্রি করেছে। এটি জাপানের সিজুওকা-কোন-এ অবস্থিত .কাম্পানীটির প্রধান অফিসে ব্যাহৃত হবে।

Y-MP2E সিস্টেমটি ইঞ্জিন ডিজাইন করতে এবং উন্নত পারফরমেন্সের জন্য ব্যবহার করা হবে। উন্নতমানের নতুন নতুন পণ্য উদ্ভাবন ও বাজারজাত করতে এর ক্ষমতাকে কাজে লাগানো হবে।

উন্নত ধরনের ইঞ্জিন বা পণ্য তৈরী করার জন্য জাপানী কোম্পানীসমূহের আমেরিকা থেকে সুপার কমপিউটার কেনার এটা চতুর্থ অর্ডার। •

## নতুন রঙীন হ্যাণ্ড হেল্ড কালার কনভার্টার

কমপিউটার এইডেড টেকনোলজী ১৬৯ আমেরিকান ডলার মূল্যের নতুন একটি রঙীন হ্যাণ্ড হেল্ড কালার কনভার্টার বাজারে ছেড়েছে। এটিতে তিনটি কালার ফিল্টার ব্যবহৃত হয়েছে। তিনবার একটি ইমেজকে স্ক্যান করবার পরে সফটওয়্যারের মাধ্যমে একটি পূর্ণ রঙীন ইমেজ তৈরী করে থাকে এই কালার কনভার্টারটি।

একটি সাধারণ গ্রে-স্কেলের স্ক্যানারের সাথে কাজ করে এই ক্যাট (CAT) কালার কনভার্টারটি ১৬ মিলিয়ন রঙ তৈরীতে সক্ষম। আর সাধারণ সাদা-কালো স্ক্যানারের সাথে কাজ করেও এটি ২,৫৬,০০০ রঙ তৈরী করতে পারবে।

স্ক্যান করবার পরে কালার কনভার্টারটি রঙীন ইমেজগুলোকে .PCX বা TIF ফাইলে রাখে এবং সেখান থেকে ব্যবহারকারীরা তাদের পেইন্ট প্রোগ্রামে এগুলোকে নিয়ে আসতে পারেন। ক্যাট কালার কনভার্টারের সাথে ইমেজ প্রোসেসিং-এর জন্যে প্রয়োজনীয় সফটওয়্যার এটার সঙ্গেই পাওয়া যায়। •

**Admission going on COMPUTER COURSES**

ITS A TIME FOR LEARNING COMPUTER!!
* DOS & IN TRODUCTION FREE
* ONE PERSON ONE COMPUTER
* SPECIAL CLASSES FOR FEMALE
* PRACTICAL & THEORITICAL CLASSES
* SPECIAL DISCOUNT FOR SSC & HSC STUDENT

PACKAGE
WORDSTAR/WP
LOTUS 1-2-3
TURBO-C
PASCAL
QUATTRO PRO

PROGRAMMING
dBASE III+
BASIC
SPSS PC+
FORTRAN.77

SALES
PAPAR
RIBBON
COMPUTER
DISKETTE

SERVICES
RIBBON RE. INKING & RE-FILLING
REPAIR & MAINTENANCE
SOFTWARE DEVELOPMENT
HARDWARE INSTALLATION

ANANTA JOTI
TOP OF THE TIME

BAITUSH SHARF MOSQUE
FARM GATE
(ops-Tejgaon Police Station)
149/A AIRPORT ROAD, (2nd Floor)
DHAKA - 1215. Phone: 815445

(পাঠকের মতামত,৭ নং পৃষ্ঠার পর)

### সংশ্লিষ্ট সকলের প্রতি উদাত্ত আহ্বান

'গণ কমপিউটারায়ন' পদক্ষেপের বাস্তব রূপায়নে আই, সি, এম, এস, কমপিউটার ট্রেনিং সেন্টারের সিদ্ধান্ত — 'নিয়মিত মাসিক সেমিনার'-এর জন্য আই,সি,এম,এস-কে সকল শিক্ষার্থী তথা সর্বসাধারণের পক্ষ থেকে অভিনন্দন। সকল সুপ্রতিষ্ঠিত কমপিউটার প্রশিক্ষণ সেন্টারের জন্য এ ধরণের সিদ্ধান্ত হচ্ছে একটা দিক নির্দেশনা। আমাদের সবার আশা— প্রতিটি সেন্টার এবং পরিবেশক আগামীতে এ ধরণের সিদ্ধান্ত গ্রহণে উদ্বুদ্ধ হয়ে 'গণ-কমপিউটারায়ন'-এর কন্টকিত পথকে সুগম করে তুলবেন। কমপিউটার জগতের খবর - বিভিন্ন সুপ্রতিষ্ঠিত কমপিউটার প্রস্তুতকারক কোম্পানীসমূহ উন্নত প্রযুক্তি উদ্ভাবনে পরস্পর জোট বাঁধছে। আমরা না হয় 'গণ-কমপিউটারায়ন'-এর জন্য সমগ্র দেশব্যাপী সেন্টারসমূহ ও পরিবেশক সমূহের মধ্যে পারস্পারিক জোট বাঁধি, সারা বছর ধরে প্ল্যান করে বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করি।

কিছুটা হলেও ব্যবসায়িক স্বার্থ ত্যাগ করে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানসমূহের একত্রিকরণ এবং এ ধরণের সিদ্ধান্ত গ্রহণ বাংলাদেশে 'গণ-কমপিউটারায়ণ'-কে সহজসাধ্য করে তুলবে। সরকার ও সকল সংশ্লিষ্ট মহলের প্রতি আমাদের আবেদন — এ ধরণের প্রস্তাবনাকে স্বাগত জানিয়ে তা বাস্তবায়নে যথাসাধ্য সাহায্য-সহযোগিতা করুন -- বিনা ভাড়ায় অডিটোরিয়াম দিয়ে, সম্ভব হলে অর্থ দিয়ে, প্রযুক্তি দিয়ে, 'কলা-কৌশল দিয়ে, সর্বোপরী মাঝে মাঝে সরকারী খরচে স্বনামধন্য বিদেশী কমপিউটার বিশেষজ্ঞদেরকে আমন্ত্রণ জানিয়ে। এ ক্ষেত্রে সরকার ও সংশ্লিষ্ট মহলের আশু দৃষ্টি একান্ত প্রয়োজন।

দেশবাসী বি.সি.সি-কেই এ ধরণের পদক্ষেপ ও প্রস্তাবনার পথিকৃত হিসাবে দেখতে চেয়েছিল। তাদের সে আশা পূরণ হয়নি। পথিকৃত না হোক অনুসারী হিসাবে এবার মঞ্চে আসার সময় হয়েছে। 'গণ-কমপিউটারায়ন'-এর সকল বাস্তবায়নে বি.সি.সি-কে যথাশীঘ্রই এ ধরণের সেমিনার ও সিম্পোজিয়ামের আয়োজন করতে হবে— এটা জনগণের দাবী। দেশবাসীর অধিকার।

কমপিউটারের সাথে জড়িত সকল প্রতিষ্ঠানসমূহ একত্রিত হয়ে 'গণ-কমপিউটারায়ন' বাস্তবায়নে স্ব-আগ্রহে এগিয়ে আসবে আর কমপিউটার জগৎ প্রতিটা খবর ছাপিয়ে এই বিশাল পদক্ষেপের বাস্তবায়নে তার অবদান রাখবে এটা আমাদের বিশ্বাস, আমাদের স্বপ্ন। দেশের জন্য আপনাদের এ অবদানকে ভবিষ্যৎ প্রজন্ম অবশ্যই গর্বের সাথে স্মরণ করবে।

মোঃ সাঈদুল হক (প্রিন্স)
১ম বর্ষ, মাস্টার অব ডিমোগ্রাফি
ঢাকা বিশ্ববিদ্যালয়।

### "সফটওয়্যার রপ্তানীর উদ্যোগ বন্ধ" শীর্ষক সংবাদের প্রেক্ষিতে

মাসিক কমপিউটার জগৎ-এর সেপ্টেম্বর '৯১ সংখ্যায় আমাকে উদ্ধৃতি দিয়ে "সফটওয়্যার রপ্তানীর উদ্যোগ বন্ধ" শীর্ষক প্রকাশিত সংবাদের শেষ স্তবকে উল্লেখ করা হয়েছে যে, "এক প্রশ্নের জবাবে আমি বলেছি যে, সরকার পরিবর্তনের পর থেকে বাংলাদেশ হতে সফটওয়্যার রপ্তানী প্রচেষ্টা বন্ধ হয়ে আছে"। উহাতে আমার জবাব সঠিকভাবে প্রতিফলিত না হওয়ার কারণে সম্মানীত পাঠকবৃন্দের মধ্যে ভুল বুঝাবুঝির অবকাশ রয়েছে।এ অবস্থা নিরসনকল্পে প্রকৃত তথ্য সম্মানীত পাঠকবৃন্দের অবগতির জন্য উপস্থাপন করা একান্ত প্রয়োজন। প্রকৃত তথ্য নিম্নরূপ :

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর তড়িৎ-কৌশল বিভাগের উদ্যোগে গত ২৫-০৮-৯১ইং তারিখে অনুষ্ঠিত "Information Technology (IT) for Economic and Social Benefit-Options for Bangladesh" শীর্ষক সেমিনারে আমি মূল প্রবন্ধ উপস্থাপন করি। এক পর্যায়ে জনৈক সাংবাদিক কর্তৃক প্রশ্ন করা হয় যে, ১৯৮৯ইং সালে বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের উদ্যোগে অনুষ্ঠিত এক সেমিনারে বাংলাদেশ থেকে কমপিউটার সফটওয়্যার উন্নয়ন ও রপ্তানীর ব্যাপারে প্রচেষ্টা গ্রহণের সুপারিশ করা হয়েছিল কিন্তু সে ব্যাপারে কোন ব্যবস্থা গৃহীত হয়নি কেন? এ প্রশ্নের জবাবে আমি বলেছিলাম যে, "মধ্যপ্রাচ্য যুদ্ধ ও আর্থিক সংকট এবং সরকার পরিবর্তনের কারণে এ ব্যাপারে আশানুরূপ অগ্রগতি অর্জিত হয়নি। তাছাড়া আমার প্রবন্ধে বিশদভাবে উল্লেখ করেছি যে, তথ্য প্রযুক্তি সংক্রান্ত বিভিন্ন প্রকল্প বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে। আমি আরো বলেছিলাম যে, পরিবার পরিকল্পনা কর্মসূচীর ন্যায় তথ্য প্রযুক্তি সরকারের অগ্রাধিকার তালিকায় এখনও অন্তর্ভুক্ত হয়নি"।

মোঃ আজিজুর রহমান
নির্বাহী পরিচালক
বাংলাদেশ কমপিউটার কাউন্সিল